



ক্যাম্পাস

ব্র্যাক ইউনিভার্সিটিতে শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

জমকালো ওরিয়েন্টেশনের মধ্য দিয়ে সামার-২০২৪ সেমিস্টারে ভর্তি হওয়া শিক্ষার্থীদের বরণ করেছে ব্র্যাক ইউনিভার্সিটি। গত সোমবার (২৭ মে) রাজধানীর মেরুল বাড্ডার পরিবেশবান্ধব ইনার সিটি ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরিচয় করাতে ওরিয়েন্টেশন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

দিকনির্দেশনামূলক ও অনুপ্রেরণাদায়ক বক্তব্যের মাধ্যমে ব্র্যাক ইউনিভার্সিটিতে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য সৈয়দ মাহফুজুল আজিজ। তিনি বলেন, ‘শেখার কোনো শেষ নেই, এটি একটি চলমান প্রক্রিয়া, যা পরিবর্তনের সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য খুবই জরুরি।’ একাডেমিক পড়াশোনার পাশাপাশি জীবনমুখী বিভিন্ন দক্ষতা বাড়ানো, ক্রিটিক্যাল থিঙ্কিং করা এবং বলিষ্ঠ নৈতিক চরিত্র গঠনের জন্য শিক্ষার্থীদের আহ্বান জানিয়ে তিনি বলেন, ‘আমাদের গঠনমূলক হতে হবে, পরিবার এবং সমাজ থেকে প্রতিনিয়ত যেসব সুবিধা ভোগ করছি, সেগুলোর প্রতি আমাদের কৃতজ্ঞ থাকতে হবে। আমাদের অর্জিত জ্ঞানকে সবার মধ্যে ছড়িয়ে দিতে হবে এবং সমাজে পিছিয়ে পড়াবাদের মূলধারায় এগিয়ে আনতে আমাদের আরও বেশি সচেত্ব হতে হবে।’

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দ্য ডিউক অব এডিনবার্গস অ্যাওয়ার্ড ফাউন্ডেশন বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের সেক্রেটারি এবং এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান রিজওয়ান বিন ফারুক। ছয় মাসব্যাপী এই প্রোগ্রাম কীভাবে শিক্ষার্থীদের আত্মবিশ্বাস তৈরি করে, শরীরচর্চায় উৎসাহ জোগানো ও দক্ষতা অর্জনে সহায়তা করে এবং সমাজের প্রতি সেবার মানসিকতা উৎসাহিত করে থাকে সে বিষয়ে শিক্ষার্থীদের অবহিত করেন তিনি।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রার ডেভিড ডাউল্যান্ড, বিএসআরএম স্কুল অব ইঞ্জিনিয়ারিংয়ের ডিন অধ্যাপক আরশাদ মাহমুদ চৌধুরী এবং প্রক্টর রুবানা আহমেদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন স্টুডেন্ট লাইফের জয়েন্ট ডিরেক্টর তাহসিনা রহমান।

অনুষ্ঠানে একাডেমিকসহ বিভিন্ন ক্ষেত্রে অসামান্য অর্জনের স্বীকৃতিস্বরূপ কয়েকজন শিক্ষার্থীর হাতে সম্মাননা স্মারক তুলে দেওয়া হয়। অনুষ্ঠান শেষে ছিল সাংস্কৃতিক আয়োজন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

By using this site, you agree to our Privacy Policy.

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো